দর্শনায় গাঁজাসহ দক্ষিণ চাঁদপুরের একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫শ গ্রাম গাঁজাসহ পারভেজ মুন্সিকে (২৩)গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত পারভেজ মুন্সি দর্শনা পৌরসভার দক্ষিণ চাঁদপুর গ্রামের লালু মুন্সির ছেলে। আজ মঙ্গলবার রাত ৮ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় দক্ষিণ চাঁদপুর ইট খোলা পাড়ায়।

এ সময় পুলিশ পারভেজ মুন্সির বাড়িতে অভিযান চালিয়ে ৫ গ্রাম গাঁজাসহ তাকে গ্রেফতার করে। এ ঘটনায় পুলিশ পলাতক হিসাবে দক্ষিণ চাঁদপুর হল্ট ষ্টেশন পাড়ার নুরু মিয়ার ছেলে রুস্তম আলীর বিরুদ্ধে পলাতক মামলা দায়ের করেছে। আজ মঙ্গলবার পারভেজ মুন্সিকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।